গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ssrc.portal.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৯.০২.১১৬.২২-২৭৭

তারিখঃ ২০ এপ্রিল, ২০২২
০৭ বৈশাখ, ১৪২৯

## গবেষণা প্রস্তাবনা ও প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান

২০২৩-২০২৪ অর্থ বছরে আর্থিক মঞ্জুরি প্রদানের লক্ষ্যে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক **প্রমোশনাল, এমফিল, পিএইচডি, ফেলোশীপ ও প্রাতিষ্ঠানিক ক্যাটাগরির গবেষণা** মঞ্জুরি প্রদানের লক্ষ্যে প্রস্তাবনা আহ্বান করা যাচ্ছে। এক্ষেত্রে **'অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা জুলাই ২০২০-জুন ২০২৫'** অনুসরণে 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০২২' অনুযায়ী বিশেষ করে সরকারের বিভিন্ন সেবা সংশ্লিষ্ট নিম্নোক্ত ১৫ (পনের) টি বিষয়বস্তুর (Theme) উপর গবেষণা প্রস্তাবনা দাখিল করতে হবেঃ

| ক্রমিক নং | গবেষণার ক্ষেত্র | গবেষণার উপক্ষেত্র |
|---|---|---|
| ০১. | শিক্ষা | তালিকাভুক্তি এবং ড্রপআউট, পাবলিক পরীক্ষা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এ তালিকাভুক্তির ধরণ, ইক্যুইটি সমস্যা এবং শিক্ষায় মিশ্রিত শেখার পদ্ধতি |
| ০২. | স্বাস্থ্য ও জনসংখ্যা | জনসচেতনতা, স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সময় ব্যবস্থাপনা, অপরিহার্য স্বাস্থ্য সেবা এ্যাক্সেস, অসংক্রামক ব্যাধি |
| ০৩. | সামাজিক কল্যাণ এবং সামাজিক নিরাপত্তা নেট | বয়স্ক জনসংখ্যা, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি, Vulnerable Group |
| ০৪. | খেলাধুলা ও সংস্কৃতি | আদিবাসী খেলাধুলা ও সংস্কৃতি, খেলাধুলার মানোন্নয়ন এবং বৃত্তি |
| ০৫. | যুব উন্নয়ন | উদ্যোক্তা সৃষ্টি ও উন্নয়ন, ইম্প্যাক্ট এনালাইসিস |
| ০৬. | মহিলা বিষয়ক | নারীর ক্ষমতায়ন, লিঙ্গ সমতা, উপজাতি নারী, নৃগোষ্ঠি, কাজের পরিবেশ, সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ |
| ০৭. | মানব সম্পদ | সক্ষমতা বৃদ্ধি, দক্ষ মানব সম্পদ উন্নয়ন, জ্ঞানভিত্তিক অর্থনীতি |
| ০৮. | আর্থ-সামাজিক | শিশুশ্রম, বার্ধক্য, ট্রান্সজেন্ডার, সমন্বিত খামার, বৃদ্ধাশ্রম, কারিগরি প্রশিক্ষণ |
| ০৯. | কৃষি | প্রত্যন্ত এলাকার উৎপাদিত কৃষিজাত পণ্যের সঠিক বাজারজাতকরণ, গুদামজাতকরণ ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ, কৃষিজাত পণ্যের বীজ সংরক্ষণ ও উৎপাদন, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, ভূমি ব্যবস্থাপনা, কৃষিতে তথ্য প্রযুক্তির ব্যবহার, কৃষিতে সমবায়ের প্রসার ও দারিদ্র বিলোপ, ফসল উৎপাদনে সেচের পানি উপযোগিতা বৃদ্ধির প্রযুক্তি, জৈবসার উৎপাদন প্রযুক্তি সম্পর্কিত প্রশিক্ষণের উন্নতিকরণ, ব্যাপক প্রচার ও বিতরণ সহজলভ্যতা, জলাবদ্ধতা নিরসনে আশু করণীয় সম্পর্কে পরিকল্পনা গ্রহণ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সমন্বয়ের ঘাটতি নির্ধারণ, হাওর ব্যবস্থাপনা ও ব্যবহারের আধুনিক প্রযুক্তি ব্যবহার |
| ১০. | পল্লী প্রতিষ্ঠান | পল্লী অবকাঠামো উন্নয়নে আর্থ-সামাজিক প্রভাব |
| ১১. | পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও মৎস্য | পরিবেশ বান্ধব শিল্পায়ন, ব্লু-ইকনমি সম্ভাবনার জন্য বাণিজ্যিকভাবে লাভবান প্রকল্প চিহ্নিতকরণ, মৎস্য ও প্রাণিসম্পদ এর উৎপাদনশীতা বৃদ্ধি, মৎস্য ও প্রাণিসম্পদ এর বাজারজাতকরণের সুযোগ বৃদ্ধি |
| ১২. | জনশৃঙ্খলা ও নিরাপত্তা | আইন শৃঙ্খলা বাহিনীর উপর জনগণের আস্থা বৃদ্ধিতে করণীয়, আইনের প্রতি জনগণের শ্রদ্ধাশীল হওয়ার বিষয়ে করণীয় |
| ১৩. | দারিদ্র বিলোপ | দারিদ্র বিমোচনে সামাজিক নিরাপত্তার ভূমিকা, দারিদ্র বিলোপে ও কর্মসৃজনে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের backward linkage ও forward linkage নিশ্চিতকরণ |
| ১৪. | বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা, ভাষা আন্দোলন এবং মুক্তিযুদ্ধ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন ভাবনা, ভাষা আন্দোলন এবং মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের গ্রহণযোগ্য আঞ্চলিক ইতিহাস প্রণয়ন, মুক্তিযুদ্ধের ইতিহাস সঠিকভাবে উপস্থাপন, মুক্তিযুদ্ধ পরবর্তীকালে মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা, বীরাঙ্গনা মুক্তিযোদ্ধাদের সামাজিক পুনর্বাসন এবং স্বাধীন বাংলাদেশে তাদের পরিবারের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থান |
| ১৫. | বিজ্ঞান ও প্রযুক্তি | চতুর্থ শিল্প বিপ্লব, কম্পিউটার সায়েন্স, গ্রামীণ ছাত্রদের বিজ্ঞান পড়ায় অনীহা, খাদ্য উৎপাদন ও গুদামজাতকরণে প্রযুক্তি, খাদ্যে নিরাপত্তা নিশ্চিতে প্রযুক্তি, প্রতিবন্ধীদের জন্য প্রযুক্তি সহায়তা, স্কুলে সৃজনশীল কাজে উৎসাহিতকরণ, গবেষণার ডিজিটালাইজেশন, শিক্ষা কারিকুলামের মানউন্নয়ন, অপারেশনাল সক্ষমতা বৃদ্ধিকরণ |

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

০২। **<u>গবেষণার জন্য আবেদনের শর্তাবলী:</u>**

(১) গবেষক/গবেষণা প্রতিষ্ঠান যে কোন একটি ক্ষেত্র নির্বাচন করে বাংলা অথবা ইংরেজি ভাষায় যে কোন একটি ক্যাটাগরির গবেষণা প্রস্তাব ০২ (দুই) কপি **অনলাইন ও অফলাইনে** দাখিল করতে পারবেন;

(২) 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০২২' এ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণ করে গবেষণা প্রস্তাব দাখিলে আগ্রহী গবেষক/গবেষণা প্রতিষ্ঠানকে আবেদন করতে হবে;

(৩) গবেষণা প্রস্তাবনার কভার পৃষ্ঠায় ক্ষেত্র, উপক্ষেত্র ও ক্যাটাগরিসহ গবেষণার শিরোনাম উল্লেখ করে ছবি (২ কপি), সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ, প্রশিক্ষণের বিবরণ ও ISBN/ISSN নম্বরযুক্ত গবেষণা সংক্রান্ত পাবলিকেশনের তথ্যাদিসহ প্রমাণক (যদি থাকে) এবং নীতিমালায় উল্লিখিত অন্যান্য কাগজাদি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনের সাথে কি কি কাগজপত্র দেয়া হয়েছে তার একটি চেকলিস্ট দিতে হবে;

(৪) 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০২২' অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। নীতিমালার সংযোজনী ৩, ৪ ও ৬ পূরণপূর্বক হার্ডকপি ও সফটকপি আবেদনের সাথে দিতে হবে। আবেদনের সাথে সংযুক্ত কাগজাদির ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে;

(৫) গবেষক/প্রতিষ্ঠানের Proposal এবং Profile সম্পূর্ণ আলাদা থাকবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৬) সরকারি চাকরিজীবীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

(৭) পিএইচডি ও এমফিল গবেষণার ক্ষেত্রে ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষা বছরে যারা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনপ্রাপ্ত হয়েছেন, তারা আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন;

(৮) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনপ্রাপ্ত যেসব পিএইচডি ও এমফিল গবেষণার বিপরীতে যেকোন প্রতিষ্ঠানের ফেলোশীপ মঞ্জুরি রয়েছে সেসব গবেষণা প্রস্তাবনার বিপরীতে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ অর্থ মঞ্জুরি করবে না। এক্ষেত্রে আবেদনকারীকে অন্য কোন প্রতিষ্ঠান থেকে মঞ্জুরি পেয়েছে কিনা বিষয়টি তার আবেদনে উল্লেখ করতে হবে;

(৯) সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদে চলমান গবেষণা সমাপ্ত না হলে নূতন করে আবেদন করা যাবে না;

(১০) একই গবেষক/প্রতিষ্ঠান একাধিক ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন না। কোনো প্রমোশনাল গবেষক একবারের অধিক প্রমোশনাল ক্যাটাগরির মঞ্জুরি গ্রহণ করতে পারবেন না;

(১১) সরকারের গৃহীত সামাজিক নিরাপত্তা কর্মসূচি, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে গুণগত মানউন্নয়ন এবং উন্নত স্বাস্থ্য সেবা সম্পর্কে করণীয় বিষয়ে গবেষণা প্রস্তাব প্রাতিষ্ঠানিক ক্যাটাগরিতে অগ্রাধিকার দেয়া হবে;

০৩। ২০২২-২০২৩ অর্থ বছরে আর্থিক মঞ্জুরি প্রদানের লক্ষ্যে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ কর্তৃক **সামাজিক গবেষণা পদ্ধতি ও কৌশলের ওপর** প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ ইনস্টিটিউট, বিভাগ, গবেষণা ইনস্টিটিউট বা সরকারি বা বেসরকারিভাবে প্রতিষ্ঠিত প্রশিক্ষণ/মন্ত্রণালয়ের কোনো বিভাগ হতে আর্থিক মঞ্জুরির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

০৪। **<u>প্রশিক্ষণের জন্য আবেদনের শর্তাবলী:</u>**

(১) 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০২২' এ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণ করে আবেদন দাখিলে আগ্রহী প্রতিষ্ঠানকে আবেদন করতে হবে;

(২) আবেদনের সাথে প্রতিষ্ঠান, প্রশিক্ষকের বিস্তারিত তথ্য, প্রশিক্ষণ পরিচালনায় অভিজ্ঞতা, বাজেট এবং প্রশিক্ষণ ম্যানুয়াল জমা প্রদান করতে হবে;

(৩) আবেদনের উপর স্পষ্টভাবে **'প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ'** উল্লেখ থাকতে হবে;

০৫। গবেষণা প্রস্তাব আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি পরিকল্পনা বিভাগের ওয়েব সাইট www.plandiv.gov.bd ও ssrc.portal.gov.bd- এ এবং গবেষণা প্রস্তাব ও প্রশিক্ষণ প্রস্তাব দাখিল সংক্রান্ত বিস্তারিত তথ্য উক্ত ওয়েব সাইট এর সামাজিকবিজ্ঞান গবেষণা নীতি এবং কর্মকৌশল-২০২২ লিংক এ পাওয়া যাবে। অনলাইনে আবেদন প্রেরণের live url হলো rms.plandiv.gov.bd। helpline এর কর্মকর্তাদের নাম ও মোবাইলনম্বরসমূহ নিম্নে দেয়া হলোঃ

(১) জনাব সাখাওয়াত হোসেন, গবেষণা কর্মকর্তা, মোবাইলঃ ০১৮১৩২৩০২৯৯
(২) জনাব শুভ্রম শাহ বণিক, সহকারী প্রোগ্রামার, মোবাইলঃ ০১৭২৭৮০৩১৭৪
(৩) জনাব বুলবুল চন্দ্র সরকার, সিস্টেম এনালিস্ট, মোবাইলঃ ০১৭৩১৪০৮৮৩৩

০৬। **নিম্নস্বাক্ষরকারী বরাবর অফিস চলাকালীন সময়ে অনলাইন ও অফলাইনে গবেষণা প্রস্তাবনা দাখিলের সর্বশেষ তারিখ: ৩১ আগস্ট, ২০২২ খ্রি./১৬ ভাদ্র, ১৪২৯ এবং সামাজিকবিজ্ঞান গবেষণা পদ্ধতি ও কৌশলের ওপর প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য আবেদন দাখিলের সর্বশেষ তারিখ: ৩১ জুলাই, ২০২২ খ্রি./১৬ শ্রাবণ, ১৪২৯।**

20.08.2022.

(কামরুজজামান)
উপসচিব
ফোনঃ ৯১৮০৫৯৮